# সমাপ্ত কর্মসূচি

## ১১.১ ন্যাশনাল সার্ভিস কর্মসূচি

বর্তমান সরকারের নির্বাচনি প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে উচ্চমাধ্যমিক ও তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষায় শিক্ষিত আগ্রহী যুবক ও যুবনারীদের জাতি গঠনমূলক কর্মকাণ্ডে সম্পৃক্তকরণের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় দেশের ৪৭টি জেলার অধীনে ১৩৮ টি উপজেলায় ২,৩৫,৩৪৭ জন যুবক ও যুবনারীকে প্রশিক্ষণ দিয়ে ২,৩২,৯৯৬ জনকে অস্থায়ী কর্মসংস্থানে সংযুক্তি প্রদান করা হয়েছে এবং ইতোমধ্যে তাদের মাঝে ভাতা বাবদ ৩,৪৬৯.৬০ কোটি টাকা বিতরণ করা হইয়াছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ৮ম পর্ব আগস্ট ২০২৩ খ্রি. সমাপ্ত হয়েছে। এ সমাপ্তির সাথে সাথে সরকারের সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সমাপ্ত হলো।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (জুলাই ২০০৯- আগস্ট ২০২৩) | ৩৬৯৩৪৫.৫১ লক্ষ টাকা | ৩৪৬৯৬১.৬১ লক্ষ টাকা |
| এ কর্মসূচির আওতায় দেশের ৪৭টি জেলার অধীনে ১৩৮ টি উপজেলায় যুবক ও যুবনারীকে প্রশিক্ষণ প্রদান | - | ২,৩৫,৩৪৭ জন |
| এ কর্মসূচির আওতায় দেশের ৪৭টি জেলার অধীনে ১৩৮ টি উপজেলায় জন যুবক ও যুবনারীকে অস্থায়ী কর্মসংস্থান প্রদান | - | ২,৩২,৯৯৬ জন |

# সমাপ্ত প্রকল্পসমূহ

## ১২.১ অবশিষ্ট ১১টি জেলায় নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন প্রকল্প

দেশের ৫৩টি জেলায় আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র ছিল। অবশিষ্ট ১১টি জেলার বেকার যুবক ও যুবমহিলাদের গবাদিপশু, হাঁস-মুরগি পালন, মৎস্যচাষ ও কৃষি বিষয়ে আধুনিক প্রযুক্তি ব্যবহারের কলাকৌশল সম্পর্কিত আবাসিক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও প্রশিক্ষণ প্রদান এ প্রকল্পের লক্ষ্য। ১৪৬ কোটি ৩৬ লক্ষ ২৫ হাজার টাকা ব্যয়ে এ প্রকল্প গত ১৯-১০-২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে সংশোধনীর মাধ্যমে মোট প্রকল্প ব্যয় দাঁড়িয়েছে ২১৪ কোটি ৫০ লক্ষ ৪৫ হাজার টাকা। প্রকল্পের আওতায় গাজীপুর, মানিকগঞ্জ, রাজবাড়ী, নেত্রকোনা, জয়পুরহাট, নীলফামারী, চাঁপাইনবাবগঞ্জ, লক্ষ্মীপুর, চুয়াডাঙ্গা, মেহেরপুর ও সাতক্ষীরা জেলায় আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করা হয়েছে। এ প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০১৯ এ সমাপ্ত হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হওয়ায় দেশের ৬৪টি জেলাতেই আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (২০১০-২০১৯) | ২১৪৫০.৪৫ লক্ষ টাকা | ১৯৫৭৮.১৫ লক্ষ টাকা |
| ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ | ৮০০.০০ লক্ষ টাকা | ৬৮৯.০০ লক্ষ টাকা |
| ২০১৯-২০২০ অর্থ বছরে ব্যয় | ৬৮৯.০০ লক্ষ টাকা | ৬২৫.৩৯ লক্ষ টাকা |

## ১২.২ শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র জোরদারকরণ ও আধুনিকীকরণ প্রকল্প

''শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র'' ১৯৯৮ সালে ঢাকা জেলার সাভারে স্থাপিত হয়। এ প্রকল্পের মেয়াদ জুন ২০০৬ এ সমাপ্ত হয়। প্রকল্পের মেয়াদ সমাপ্তির পর জনবলসহ কার্যক্রম রাজস্ব বাজেটে স্থানান্তর প্রক্রিয়াধীন থাকায় থোক বরাদ্দের মাধ্যমে এর কার্যক্রম পরিচালিত হয়। কিন্তু কোন বছরই যথাসময়ে চাহিদা অনুযায়ী থোক বরাদ্দ না পাওয়ায় কেন্দ্রের কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। ''শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র'' দেশে মানবসম্পদ উন্নয়নে একটি জাতীয় প্রতিষ্ঠান। দেশের মানবসম্পদ উন্নয়ন, তথ্য ও গবেষণা কার্যক্রমে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের অবদানকে আরো সম্প্রসারিত এবং এটিকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে ''শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র জোরদারকরণ ও আধুনিকীকরণ'' শীর্ষক প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে। এ প্রকল্পটি মার্চ ২০১৫ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে ২০৮৯.৫৩ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়নের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী ১৯-০৫-২০১৫ তারিখে অনুমোদন করেছেন। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করে জুন ২০২১ করা হয় এবং প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি পেয়ে ৩৩৪৯.০০ লক্ষ টাকা হয়। প্রকল্প টি জুন, ২০২১ এ সমাপ্ত হয়েছে।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (মার্চ ২০১৫- জুন ২০২১) | ৩৩৪৯.০০ লক্ষ টাকা | ২৭৩৭.০৬ লক্ষ টাকা |
| ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দ | ১০০০.০০ লক্ষ টাকা | ৮৮০.৩৪ লক্ষ টাকা |
| প্রকল্প মেয়াদে প্রশিক্ষণ | ১১৪৫০ জন | ১০৪১৩ জন |
| ২০২১-২০২২ অর্থ বছরে প্রশিক্ষণ | ১৫০০ জন | ১২৪৬ জন |

### ১২.৩ ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প

দেশে-বিদেশে দক্ষ যুবদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, বৈদেশিক মুদ্রা আয় বৃদ্ধিতে সহায়তা এবং শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের কম্পিউটার প্রশিক্ষণে সম্পৃক্ত করার লক্ষ্যে এ প্রকল্প প্রণয়ন করা হয়েছে। পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী ১৭৪৯.৯১ লক্ষ টাকা ব্যয়ে ০৯-১০-২০১৬ তারিখে প্রকল্পটি অনুমোদন করেছেন। পরবর্তীতে ৩০৬৬.০০ লক্ষ টাকা ব্যয়ে ০১-০৭-২০১৬ থেকে ৩০-০৬-২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য ২২-১০-২০১৮ তারিখে প্রকল্পের ১ম সংশোধন অনুমোদন করেছেন। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ ৩০-০৬-২০২১ পর্যন্ত বৃদ্ধি করে ১৯-০২-২০২০ তারিখে প্রকল্পটির ২য় সংশোধন অনুমোদন করা হয় এবং প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৬১০০.০০ লক্ষ টাকা। এ প্রকল্পের আওতায় কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ প্রদানের জন্য দেশের ৬৪টি জেলায় ৭১টি এবং প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন প্রশিক্ষণ প্রদানের জন্য ৬টি বিভাগীয় শহরে ৬টি সহ মোট ৭৭টি কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়। এ প্রকল্পের আওতায় দেশে ও বিদেশে ২৯,৮০০ জন যুবক ও যুবনারীর কর্মসংস্থান হয়েছে। প্রকল্পটি জুন ২০২১ এ সমাপ্ত হয়েছে।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (২০১৬-২০২১) | ৬১০০.০০ লক্ষ টাকা | ৬০৬৬.১৫ লক্ষ টাকা |
| ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দ | ২৮২৩.০০ লক্ষ টাকা | ২৮১৫.৪০ লক্ষ টাকা |
| প্রকল্পের শুরু থেকে প্রশিক্ষণ | ৬৪,৮৫০ জন | ৬৪,০৪০ জন |
| ২০২১-২০২২অর্থ বছরে প্রশিক্ষণ | ২২,২৪০ জন | ২০,৫৪০ জন |

### ১২.৪ উত্তরবঙ্গের ৭টি জেলায় বেকার যুবদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি প্রকল্প (২য় পর্ব)

উত্তরবঙ্গের ৭টি জেলার বেকার যুবদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি প্রকল্পের প্রথম পর্বের মেয়াদ ৩০ জুন ২০১৬ এ সমাপ্ত হয়েছে। সফলভাবে বাস্তবায়িত এ প্রকল্পের সাফল্য ধরে রাখা এবং উত্তরবঙ্গের ৭টি জেলার কর্মপ্রত্যাশী যুবদের জন্য কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ অব্যাহত রাখার লক্ষ্যে এ প্রকল্পের ২য় পর্ব বাস্তবায়নের প্রস্তাব করা হয়। ২য় পর্ব বাস্তবায়িত হলে ২৮২০০ জন যুবক ও যুবমহিলা উপকৃত হবে মর্মে ২৭-১২-২০১৭ তারিখে প্রকল্পটি অনুমোদন করা হয়। ০১-০১-২০১৮ থেকে ৩১-১২-২০২০ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়নের জন্য ১৬৪৯.৭২ লক্ষ টাকা ব্যয় ধরা হয়। প্রকল্পের আওতায় প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা প্রদানের জন্য প্রথম পর্বের ঋণ তহবিল ৫৪৭৯.৭৬ লক্ষ টাকা ২য় পর্বে অন্তর্ভুক্ত করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের বাস্তবায়ন কাজ সমাপ্ত হয়েছে।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (জানুয়ারি ২০১৮- ডিসেম্বর ২০২০) | ১৬৪৯.৭২ লক্ষ টাকা | ১৫২৯.০৩ লক্ষ টাকা |
| ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দ | ৩০৩.০০ লক্ষ টাকা | ২২৯০.৪১ লক্ষ টাকা |
| প্রকল্প মেয়াদে প্রশিক্ষণের | ২৮২০০ জন | ২৮২০০ জন |
| ২০২০-২০২১ অর্থ বছরে প্রশিক্ষণ | ৫৮৭৫ জন | ৫৮৭৫ জন |
| প্রকল্প মেয়াদে কর্মশালা | ১৬২টি | ১৪১টি |
| ২০২০-২০২১ অর্থ বছরে কর্মশালা | ৩৩টি | ৩৩টি |

### ১২.৫ ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি শীর্ষক প্রকল্প

উল্লেখিত ০৬টি প্রকল্পের প্রতিটির প্রাক্কলিত ব্যয় ছিল ২৫.০০ কোটি টাকার উপরে। বিভিন্ন কারণে বিনিয়োগ প্রকল্পগুলোর মূল্যায়ন প্রয়োজন। কোনো ধারণার টেকসইতা যেমন প্রকল্পটি আর্থিক ও কারিগরিভাবে টেকসই এবং একইসংগে অর্থনৈতিকভাবে যৌক্তিক কিনা তা নির্ধারনের জন্য সম্ভাব্যতা যাচাই প্রয়োজন। যুব উন্নয়ন অধিদপ্তর একটি সুপরিচিত সরকারি গবেষণা প্রতিষ্ঠান বিআইডিএস-এর মাধ্যমে ৬টি প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করে। পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে ৬টি প্রকল্প একত্রে বা বিচ্ছিন্নভাবে সম্ভাব্যতা যাচাই করা হয়। ডিওয়াইডি নিম্নোক্ত প্রকল্পগুলো বাস্তবায়ন করবে এবং তাদের এসব প্রকল্প গ্রহণের জন্য যৌক্তিকতা নির্ধারণ করবে।

১) যুবদের জন্য গ্রামে কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্প
২) কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প (২য় পর্ব)
৩) যুবদের কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদে রূপান্তর প্রকল্প
৪) শেখ জামাল উপজেলা যুব প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদে রূপান্তর প্রকল্প
৫) দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে যুব উদ্যোক্তা তৈরিকরণ প্রকল্প
৬) অনলাইনভিত্তিক ভার্চুয়াল প্রশিক্ষণ চালুকরণ প্রকল্প

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (মে/২০২১-ডিসেম্বর/২০২১) | ২৭০.০০ লক্ষ টাকা | - |

### ১২.৬ সাপোর্ট টু ডেভেলপ ন্যাশনাল প্ল্যান অব এ্যাকশন ফর ইমপ্লিমেন্টেশন অব ন্যাশনাল ইয়ুথ পলিসি এণ্ড ইয়ুথ ডেভেলপমেন্ট ইনডেক্স প্রকল্প

প্রকল্পটি ইউএনএফপিএ এর অর্থায়নে ৯ম কান্ট্রি প্রোগ্রামের আওতায় ২৪০.০০ লক্ষ টাকা ব্যয়ে জামালপুর, বরিশাল, বরগুনা, পটুয়াখালী ও বগুড়া জেলায় বাস্তবায়ন করা হয়েছে। এ প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল জাতীয় যুবনীতি বাস্তবায়নের জন্য ন্যাশনাল এ্যাকশন প্লান এবং ইয়ুথ ডেভেলপমেন্ট ইনডেক্স তৈরি করা। এছাড়া যুবদের লাইফ স্কীল এডুকেশন প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি এবং যুবনারীদের লাইফ স্কীল এডুকেশন প্রদানের বিষয়ে পরিবার, সমাজ, প্রাতিষ্ঠানিক স্টেকহোল্ডার ও গেটকিপারদের দৃষ্টিভঙ্গি ও আচরণ পরিবর্তনে এ প্রকল্প কাজ করেছে। ০১-১০-২০১৭ হতে ৩১-১২-২০২১ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (অক্টোবর ২০১৭-ডিসেম্বর ২০২১) | ২৪০.০০ লক্ষ টাকা | ১৭৬.২২ লক্ষ টাকা |
| ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দ | ৪২.৩৫ লক্ষ টাকা | ২৩.০০ লক্ষ টাকা |
| ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দ | ৬৭.৯০ক্ষ টাকা | ২৭.৩৮ লক্ষ টাকা |